

## নতুন ইকমার্স 'কার্টআপ লিমিটেড'র যাত্রা শুরু কাল থেকে

- A Monitor Desk Report

Date: 11 February, 2025



ঢাকাঃ ইউএস-বাংলা এয়ারলাইন্সের একটি ব্যবসায়িক অংশ প্রতিষ্ঠান 'কার্টআপ লিমিটেড' বাংলাদেশের অনলাইন শপিং এক্সপেরিয়েন্সে নতুন মাত্রা যোগ করতে যাচ্ছে।

১২ ফেব্রুয়ারি ২০২৫ "কার্টআপ কার্নিভাল" লঞ্চ ক্যাম্পেইনের মাধ্যমে যাত্রা শুরু করতে যাচ্ছে কার্টআপ লিমিটেড।

ক্যাম্পেইন চলাকালীন সময়ে ক্রেতার বিভিন্ন পণ্যে এক্সাইটিং ডিসকাউন্ট, ফ্ল্যাশ সেল, ফ্রি ডেলিভারি, ম্যাজিক ভাউচার, ক্যাশব্যাক অফার উপভোগ করতে পারবেন। আপডেট পেতে গ্রাহকদের কার্টআপ মোবাইল অ্যাপ ডাউনলোড করতে এবং ব্র্যান্ডটির সোশ্যাল মিডিয়া পেইজে চোখ রাখতে বলা হয়েছে।

কার্টআপ প্ল্যাটফর্মটি সম্পূর্ণ দেশীয় উদ্যোগে দেশের মানুষের চাহিদার কথা মাথায় রেখে তৈরি করা হয়েছে। অনলাইন শপিংকে আরো সহজ করতে সশ্রমী মূল্য, অথেনটিক পণ্য ও দ্রুততম সময়ে ডেলিভারিকে প্রাধান্য দেয়া হয়েছে।

কার্টআপ অ্যাপ ও ওয়েবসাইট ব্যবহার করে সহজেই দেশের যেকোনো প্রান্ত থেকে পণ্য অর্ডার করা যাবে। নিজস্ব বিস্মৃত লজিস্টিক নেটওয়ার্কের সাহায্যে ডেলিভারি হবে নিরাপদ ও দ্রুততম সময়ে। ইলেকট্রনিক্স, ফ্যাশন, হোম অ্যাপ্লায়েন্স, গ্রোসারি, কসমেটিকসহ বিভিন্ন ক্যাটেগরিতে প্রায় ১০ লাখেরও বেশি পণ্য থাকছে প্ল্যাটফর্মটিতে। বিশ্বস্ত ব্র্যান্ডসসহ প্রায় ২ হাজারের বেশি ভেরিফাইড সেলাররা কার্টআপের সঙ্গে ইতোমধ্যে যুক্ত হয়েছেন।

এ ছাড়াও উন্নত কাস্টমার সার্ভিস বজায় রাখতে ৭ দিনের রিটার্ন পলিসি ও প্রফেশনাল কাস্টমার সাপোর্টও থাকছে।

কার্টআপের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ফুয়াদ আরেফিন বলেন, কার্টআপ এমন একটি মার্কেটপ্লেস হবে যেটিতে গ্রাহকের বিশ্বাস, দক্ষতা এবং সন্তুষ্টি অগ্রাধিকার দিয়ে কাজ করে যাবে। আমরা বাংলাদেশে ই-কমার্সের জন্য একটি নতুন স্ট্যান্ডার্ড তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমাদের প্ল্যাটফর্ম গ্রাহক ও বিক্রেতা উভয়ের প্রত্যাশা পূরণের জন্য তৈরি করা হয়েছে। যা একটি উন্নত অনলাইন শপিং অভিজ্ঞতা নিশ্চিত করবে।

**-B**